DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Jul 2026, 11:42 AM

আন্তর্জাতিক

# ইহুদিদের নিরাপত্তায় ২৫০ মিলিয়ন পাউন্ড বরাদ্দ যুক্তরাজ্যের

প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ১৩ জুলাই ২০২৬, ০৮:৪৫ PM




সাম্প্রতিক সময়ে ইহুদি সম্প্রদায়কে লক্ষ্য করে ধারাবাহিক হামলার প্রেক্ষাপটে তাদের নিরাপত্তা জোরদারে ২৫০ মিলিয়ন পাউন্ডের (২৫ কোটি পাউন্ড) বেশি অর্থ বরাদ্দের ঘোষণা দিয়েছে যুক্তরাজ্য সরকার। সোমবার (১৩ জুলাই) তিন বছর মেয়াদি এই নতুন কর্মসূচির ঘোষণা দেওয়া হয়।

কর্মসূচির আওতায় যেসব এলাকায় উল্লেখযোগ্য সংখ্যক ব্রিটিশ ইহুদি বসবাস করেন, সেখানে ৫০০ জনের বেশি অতিরিক্ত পুলিশ সদস্য মোতায়েন করা হবে। এর মধ্যে শুধু লন্ডনেই দায়িত্ব পালন করবেন প্রায় ৩০০ জন পুলিশ। এ ছাড়া ইহুদিদের উপাসনালয় (সিনাগগ) ও শিক্ষাপ্রতিষ্ঠানের বাইরে পুলিশের টহল বাড়ানো হবে। নিরাপত্তা নিশ্চিত করতে সাদা পোশাকেও অতিরিক্ত পুলিশ মোতায়েনের পরিকল্পনা রয়েছে সরকারের।

যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার বলেন, সাম্প্রতিক বছরগুলোতে ইহুদিবিদ্বেষ যেভাবে বেড়েছে, তা দেশের জাতীয় মূল্যবোধের জন্য

বড় একটি চ্যালেঞ্জ। ক্ষমতায় আসার পর থেকেই এই সমস্যা মোকাবিলাকে তিনি সরকারের অন্যতম অগ্রাধিকার হিসেবে বিবেচনা করছেন।

সরকার জানিয়েছে, বরাদ্দকৃত অর্থের একটি অংশ ইহুদিবিদ্বেষবিরোধী জনসচেতনতা ও শিক্ষামূলক কার্যক্রমে ব্যয় করা হবে। পাশাপাশি ৫৯ মিলিয়ন পাউন্ড বরাদ্দ রাখা হয়েছে সন্ত্রাসবিরোধী পুলিশ ইউনিটের জন্য। এই অর্থ রাষ্ট্রীয় হুমকি মোকাবিলা এবং নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদারে ব্যবহৃত হবে।

লন্ডন মেট্রোপলিটন পুলিশের ডেপুটি কমিশনার ম্যাট জুকস বলেন, ঘৃণাপ্রসূত অপরাধ, সন্ত্রাসবাদ এবং বৈরী রাষ্ট্রগুলোর হস্তক্ষেপের কারণে ইহুদি সম্প্রদায় বর্তমানে বিশেষ নিরাপত্তা ঝুঁকির মুখে রয়েছে।

চলতি বছরের এপ্রিলের শেষ দিকে লন্ডনের গোল্ডার্স গ্রিন এলাকায় ছুরিকাঘাতে দুই ইহুদি আহত হন। পুলিশ ঘটনাটিকে সন্ত্রাসী হামলা হিসেবে বিবেচনা করে। এ ছাড়া বসন্তকালে লন্ডনের কয়েকটি সিনাগগে অগ্নিসংযোগ ও অগ্নিসংযোগের চেষ্টাসহ ইহুদিদের লক্ষ্য করে আরও কয়েকটি হামলার ঘটনা ঘটে।

এপ্রিলের ওই হামলার পর প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার অতিরিক্ত অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছিলেন। সে সময় তিনি অভিযোগ করেন, ইরান ব্রিটিশ ইহুদিদের ক্ষতি করার চেষ্টা করছে।

---

## এ বিভাগের আরও খবর



**মার্কিন হামলায় ইরানে নিহত ৩০**
ইরানের দক্ষিণাঞ্চলে সাম্প্রতিক মার্কিন হামলায় ৩০ জনেরও বেশি বেসামরিক নাগরিক নিহত হয়েছেন বলে দাবি করেছে তেহরান। বুধবার দেশটির সরকারি মুখপাত্র...




**ভারতসহ পাঁচ দেশের ওপর ১০০ শতাংশ পর্যন্ত শুল্কের প্রস্তাব যুক্তরাষ্ট্রের**
আবারও শুল্কনীতি নিয়ে আলোচনায় যুক্তরাষ্ট্র। রাশিয়া থেকে তেল ও প্রাকৃতিক গ্যাস আমদানি অব্যাহত রাখা দেশগুলোর ওপর কঠোর অর্থনৈতিক চাপ বাড়াতে...



**ইরান যুদ্ধ শেষ করতে হিমশিম খাচ্ছেন ট্রাম্প**

ইরানের সঙ্গে চলমান যুদ্ধ নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সর্বশেষ অবস্থান টিকেছিল মাত্র ২৪ ঘণ্টা। বিশ্লেষকদের মতে, এতে স্পষ্ট হচ...



**ফের মুখোমুখি লেবানন-ইসরায়েল, গুরুত্ব পাচ্ছে যেসব বিষয়**

উপসাগরীয় অঞ্চলে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে নতুন করে সংঘর্ষ শুরু হওয়ায় গত মাসে দুই পক্ষের মধ্যে হওয়া অন্তর্বর্তী সমঝোতা চাপে পড়েছে। তারই অংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/international/ihudider-nirapttay-250-miliyn-paund-bradd-juktrajjer